# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ মে, ২০০৫ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম রবিউল ইসলাম শিকদার, পিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আহসানুল হক মিয়া -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি
কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস এসোসিয়েশন, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস এসোসিয়েশন এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক, পিএসসি (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস এসোসিয়েশন।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২০ এপ্রিল, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ২০ এপ্রিল, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ এপ্রিল, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-৩ ঃ (ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ আর্থিক সালের সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।
(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ (ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৪-২০০৫ সালের সংশোধিত বাজেট আলোচনান্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ সালের প্রস্তাবিত মৌলিক বাজেটের উপর বিস্তারিত আলোচনা হয় এবং বাজেটে প্রস্তাবিত নতুন পদসমূহ সৃষ্টি ও প্রস্তাবিত নতুন প্রকল্পসহ বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ এপ্রিল, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ মহাখালী ডিওএইচএস জামে মসজিদ এর পরিবর্তন/পরিবর্ধন এবং সৌন্দর্য বৃদ্ধির জন্য আর্থিক সহায়তা প্রদানের নিমিত্তে মহাখালী ডিওএইচএস এসোসিয়েশনের ০২ এপ্রিল, ২০০৫ তারিখের ১৩৪৯/ডিওএইচএস/০৫ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হলো। আলোচনান্তে মহাখালী ডিওএইচএস জামে মসজিদ এর পরিবর্তন/পরিবর্ধন এবং সৌন্দর্য বর্ধনের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অনুদান প্রদানের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩ নং প্লটে নির্মিত ১৬ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক আলহাজ্ব ফুল মিয়া এর ১০ আগস্ট, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস ফেরদৌসী আমিন, স্বামী- ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৫ এপ্রিল, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩ নং প্লটে নির্মিত ১৬ নং ফ্ল্যাটটি মিসেস ফেরদৌসী আমিন, স্বামী- ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব মোঃ কফিল উদ্দিন, পিতা- মরহুম মোঃ ওয়াছিদ মাস্টার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৭ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/গ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০২ নং ফ্ল্যাটটি জনাব মোঃ কফিল উদ্দিন, পিতা- মরহুম মোঃ ওয়াছিদ মাস্টার এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা (১) জনাব মোঃ হাফিজ উদ্দিন, পিতা- আছর আলী ও (২) মিসেস রফিকুননেছা, স্বামী- মোঃ হাফিজ উদ্দিন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৪ এপ্রিল, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০৩ নং ফ্ল্যাটটি (১) জনাব মোঃ হাফিজ উদ্দিন, পিতা- আছর আলী ও (২) মিসেস রফিকুননেছা, স্বামী- মোঃ হাফিজ উদ্দিন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত ২/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক (১) জনাব শহীদুল আনোয়ার ও (২) জনাব তহীদুল আনোয়ার এর ১৫ জানুয়ারি, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব মহিউদ্দিন আলমগীর, পিতা- মোঃ ওসমান গণি এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৭ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত ২/বি নং ফ্ল্যাটটি জনাব মহিউদ্দিন আলমগীর, পিতা- মোঃ ওসমান গণি এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত ৫/সি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক (১) জনাব শহীদুল আনোয়ার ও (২) জনাব তহীদুল আনোয়ার এর ১০ জানুয়ারি, ২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব মিজানুর রহমান চৌধুরী, পিতা- মৃত হাবিবুর রহমান চৌধুরী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৫ এপ্রিল, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/বি নং প্লটে নির্মিত ৫/সি নং ফ্ল্যাটটি জনাব মিজানুর রহমান চৌধুরী, পিতা- মৃত হাবিবুর রহমান চৌধুরী এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত ২০২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক সৈয়দ শফিউর রশিদ এর ২৮ মার্চ, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস রেহেনা আক্তার, পিতা- জনাব ইব্রাহিম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০৬ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৯ নং প্লটে নির্মিত ২০২ নং ফ্ল্যাটটি মিসেস রেহেনা আক্তার, পিতা- জনাব ইব্রাহিম এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত সি-৫ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে (১) জনাব এ কে এম আব্দুল্লাহ (মনজু), (২) জনাব আবু বকর সিদ্দিক (দুলাল) (৩) জনাব এ কে এম সফিউল্লাহ (পারভেজ) ও (৪) এ কে এম আসাদুল্লাহ (সোহেল) সর্বপিতা- আলহাজ্ব আব্দুল জব্বার ভূঁইয়া এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/ ২১/২৪৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৩ এপ্রিল, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৫ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা (১) জনাব এ কে এম আব্দুল্লাহ (মনজু), (২) জনাব আবু বকর সিদ্দিক (দুলাল) (৩) জনাব এ কে এম সফিউল্লাহ (পারভেজ) ও (৪) এ কে এম আসাদুল্লাহ (সোহেল) সর্বপিতা- আলহাজ্ব আব্দুল জব্বার ভূঁইয়া এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত সি-৯ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ডাঃ ফেরদৌস আরা, স্বামী- ডাঃ মোঃ নূরুল হক এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ২০ জুলাই, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২১/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৬ ফেব্রুয়ারি, ২০০৫ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর সি-৯ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা ডাঃ ফেরদৌস আরা, স্বামী- ডাঃ মোঃ নূরুল হক এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**চলমান পাতা-৫**

প্রস্তাব নং-১৪ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ড এর উপর টিন এর ছাউনী নির্মাণকালীন একমাস সময় হার্ডস্ট্যান্ডের ইজরাদার কর্তৃক টোল ফি আদায় করতে পারেন নি। তাই ইজারাকালীন সময়ের আনুপাতিক হারে এক মাসের ইজারামূল্য কম প্রদানের জন্য ইজারাদার জনাব মোঃ মাসুম বিল্লাহ ০২ মার্চ, ২০০৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডের বর্তমান ইজারাদারের আবেদনটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের উপর টিন শেড নির্মাণকালীন ০১(এক) মাস সময়ে হার্ডস্ট্যান্ডে কোন হকার বসতে পারেনি। ইজারাদারের আবেদনের প্রেক্ষিতে ইজারাকালীন সময়ের আনুপাতিক হারে উক্ত ০১(এক) মাসের ইজারা মূল্যের সমপরিমাণ অর্থ মোট ইজারা অর্থ হতে কম আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এমপি চেকপোস্ট সংলগ্ন একটি গ্রুপ টয়লেট ০১ জুলাই, ২০০৫ তারিখ হতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে গত ২০ এপ্রিল, ২০০৫ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৪(চার)টি সীলমোহরকৃত দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে হাজী মোঃ মোতাহার হোসেন, সিবি-২৫১/১, কচুক্ষেত, ঢাকা ক্যান্ট কর্তৃক ৮১,১২২/- (একাশি হাজার একশত বাইশ) টাকার সর্বোচ্চ দর প্রদান করা হয়েছে। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের এমপি চেকপোস্ট সংলগ্ন গ্রুপ টয়লেটটি ইজারার নিমিত্তে প্রদত্ত ৮১,১২২/- (একাশি হাজার একশত বাইশ) টাকার সর্বোচ্চ দরটি বিদ্যুৎ/পানি বিল নিয়মিত আদায়সহ টয়লেট ও এর পার্শ্বস্থ এলাকার পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার শর্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের সকল প্রকার দোকানের মাসিক ভাড়া বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহের বিস্তারিত বিবরণ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, ঢাকা সিটি করপোরেশন নিয়ন্ত্রিত বিভিন্ন মার্কেটের দোকান ভাড়ার তুলনায় রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া অনেক কম। সময়োপযোগী ভাড়ার হার নির্ধারণের নিমিত্তে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনা করে একটি সুনির্দিষ্ট প্রস্তাব প্রস্তুত করার জন্য একটি পর্ষদ গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

**বিবেচ্য বিষয় ঃ**

(ক) দোকানের অবস্থান
(খ) ব্যবসার ধরন (ট্রেড)
(গ) দোকানের পরিমাপ

**পর্ষদ ঃ**

| | | | |
|---|---|---|---|
| (ক) | মেজর আব্দুর রশিদ আকন্দ<br>এসএইচও, ঢাকা সেনানিবাস। | -- | আহ্বায়ক |
| (খ) | প্রতিনিধি<br>স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (গ) | জনাব মোঃ জহুরুল হক<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (গ) | রেভিনিউ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উপরোক্ত পর্ষদ আগামী বোর্ডসভার পূর্বেই একটি সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়ন করে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বরাবর উপস্থাপন করবেন এবং ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী বোর্ডসভায় বিষয়টি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রেভিনিউ অফিসার জনাব মোঃ মোস্তফা ভূঁইয়া এর বয়স ৫৭ (সাতান্ন) বছর উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে আগামী ২৫ মে, ২০০৫ তারিখ হতে এলপিআর (অবসর প্রস্তুতিমূলক ছুটি) আরম্ভ হবে। তাঁর চাকুরীর মেয়াদ পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে জনাব মোঃ মোস্তফা ভূঁইয়া, রেভিনিউ অফিসার, গ্রেড-১ এর ০৭ মে, ২০০৫ তারিখের আবেদনটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনা হলো। এ বিষয়ে বিবেচনার অবকাশ না থাকায় জনাব মোঃ মোস্তফা ভূঁইয়া এর চাকরির মেয়াদ বৃদ্ধির প্রস্তাবটি অনুমোদন করা হলো না।

প্রস্তাব নং-১৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের জন চলাচল রাস্তায় যত্রতত্র অবৈধভাবে হকার বসে ব্যবসা করার ফলে জব্দকৃত পুরানো (ছোট/বড়) ৩০৬টি প্যান্ট, ২০ টি টুপি ও ১৫টি রুমাল বিক্রির নিমিত্তে গত ১৭ এপ্রিল, ২০০৫ তারিখে প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ০৪(চার) জন ডাককারী অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ আব্দুল কাদের, ২০৯/১, কচুক্ষেত কর্তৃক সর্বোচ্চ ৪,৬০০/- (চার হাজার ছয়শত) টাকার ডাক প্রদান করেন। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪,৬০০/- (চার হাজার ছয়শত) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে বাৎসরিক ও সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বরাদ্দকৃত ডি/৮১-১ নং দোকানের ইজারা মেয়াদ ৩১ জানুয়ারি, ২০০৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় উক্ত দোকানের মেয়াদ পরবর্তী ০১(এক) বছরের জন্য বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট দোকানের মালিক জনাব মোঃ মনসুর আলীর ১৩ এপ্রিল, ২০০৫ তারিখের আবেদনসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে বাৎসরিক ও সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বরাদ্দকৃত ডি/৮১-১ নং দোকানের ইজারা মেয়াদ পরবর্তী ০১(এক) বছরের জন্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। পরবর্তীতে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ অস্থায়ী দোকানসমূহের ইজারা মেয়াদ বৃদ্ধির প্রস্তাব একসংগে বোর্ডসভায় উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হলো।

**চলমান পাতা-৭**

প্রস্তাব নং-২০ ঃ নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নং পত্র, ০৯ ডিসেম্বর, ২০০৪ তারিখের ৩৯১৭/৬/ঢাকা-২/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে অনুমোদন দেয়ায় এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস কর্তৃক লাইসেন্স প্রদান করায় তাদের বিলবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | অনুমোদিত বিলবোর্ড/ ইউনিপোলের স্থান উল্লেখসহ সংখ্যা | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেসার্স সাইনী আর্ট | (ক) | মহাখালী মৌজার সিএস ৬৬ (অংশ) দাগে সেবা প্রিন্টিং প্রেস এর পশ্চিম পার্শ্বে ২০০ বর্গফুট বিশিষ্ট সাইনবোর্ড। | ০১ টি | |
| | | (খ) | মহাখালী সেবা প্রিন্টিং প্রেস সংলগ্ন মসজিদের পার্শ্বে ২০০ বর্গফুট বিশিষ্ট সাইনবোর্ড। | ০১ টি | |
| (২) | মেসার্স কনকর্ড আর্ট পাবলিসিটি | (ক) | মহাখালী মৌজার সিএস ৬৬ (অংশ) দাগে সেবা প্রিন্টিং প্রেস এর পশ্চিম পার্শ্বে ১৬০ বর্গফুট বিশিষ্ট সাইনবোর্ড। | ০১ টি | |

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মেসার্স সাইনী আর্ট ও মেসার্স কনকর্ড আর্ট পাবলিটি কর্তৃক প্রস্তাবিত স্থানসমূহে বিলবোর্ড/ ইউনিপোল স্থাপনের বিষয়টি অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

প্রস্তাব নং-২১ ঃ ডিওএইচএস বারিধারা এলাকায় অবস্থিত অনন্যা শপিং কমপ্লেক্স এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে অনন্যা শপিং কমপ্লেক্স এর ব্যবস্থাপক এর ০৪ মে, ২০০৫ তারিখের আবেদনটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। সেনাকল্যাণ সংস্থার সুপারিশের ভিত্তিতে ডিওএইচএস বারিধারা এলাকায় অবস্থিত অনন্যা শপিং কমপ্লেক্স এর অনুকূলে ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়টি অনুমোদন করা হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

প্রস্তাব নং-২২ ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-৩৩ প্লট নং-৪৯৭ এর দক্ষিণ পার্শ্বে আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৩৩,৭৫৪.০০ টাকা | ডিওএইচএস মহাখালী উন্নয়ন তহবিল হতে। |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭নং রোডের ৭ নং বিল্ডিংয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অফিস ভবনের নিকটস্থ এমইএস লাইন হতে বৈদ্যুতিক সংযোগ প্রদান ও আভ্যন্তরীণ ওয়্যারিং কাজ। | ৪,৩৭,৬২০.০০ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (৩) | ঢাকা সেনানিবাসস্থ বনানী কবরস্থানের দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী দেয়ালের উপর কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ৭০,১২৩.০০ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (৪) | মুসলিম মর্ডাণ একাডেমীর পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়াল উচুকরণসহ কাটা তারের বেড়া স্থাপন কাজ। | ৬৮,৩৭৩.০০ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (৫) | স্টাফ কোয়ার্টার নং-৪/এ, ৪/এ (২য় তলা), ৪/বি-১, ৪/এ-২, ৪/এ-৩, ৪/ই, ৪/সি, ৪/ডি সহ মোট ০৮টি বাসা মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ১,৩২,৪৮১.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৬) | স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি এর ০৬টি বাসা মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ১,৫৯,৩৭২.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি এর ১৫টি বাসা মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ২,৬৫,০০০.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৮) | স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি-৩, ৬৫/ডি-৪, ৬৫/ডি-১ এর মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ। | ৭৯,৭২৫.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭ নং রোডের ৭ নং বিল্ডিংয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সম্মেলন কক্ষের জন্য ০২টি স্প্লিট টাইপ শীততাপ নিয়ন্ত্রণ (Split Type Air Conditioner) যন্ত্র ক্রয়করণ। | ১,৪৪,০০০.০০ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১০) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭নং রোডের ৭ নং বিল্ডিংয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সম্মেলন কক্ষের জন্য মাইক ফিটিং সংযোজন কাজ। | ১,৪৫,২০০.০০ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১১) | শহীদ সরণিস্থ সেনাকুঞ্জ হতে দক্ষিণ দিকে মুসলিম মডার্ণ একাডেমীর পূর্ব পার্শ্বের শহীদ সরণিস্থ প্রস্তাবিত ড্রেন পর্যন্ত বৃষ্টির পানি নিস্কাশনের জন্য আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৫১,০৪,১৬৩.৮২ টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১২) | শহীদ রমিজ উদ্দিন কলেজে কেজি ও স্কুল শাখার ভবনের জন্য ২টি আন্ডার গ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণসহ পানির লাইন সম্প্রসারণ কাজ। | ২,৫০,০০০.০০ টাকা | বিদ্যালয় তহবিল হতে। |
| (১৩) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-১৩ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে ৫১৬ নং প্লটের সামনে) কার্পেটিংকরণ। | ৭৪,৫১৩.০০ টাকা | ডিওএইচএস বারিধারা উন্নয়ন তহবিল হতে |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ বাজারের উত্তর পার্শ্বে সব্জি ও মাংস বাজার মেরামতকরণ। | ৯৬,৬১৮.০০ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (১৫) | ২০০৪-২০০৫ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য বৈদ্যুতিক ফিটিংস ক্রয়। | ৬,০৯,৫৩০.০০ টাকা (বাজার দর) | ২০০৪-২০০৫ আর্থিক সালে মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ হতে ১৫ পর্যন্ত মোট ১৫ (পনের) টি কাজের মূল্যানুমান অনুমোদনের করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের বাহিরের সীমানা নির্ধারণ কাজের আরসিসি পিলার নির্মাণসহ স্থাপন কাজ। | ১,০৫,৩৭৬/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১৯.৯৫% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | ডিওএইচএস মিরপুর উন্নয়ন তহবিল হতে। |
| (২) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের বাহিরের সীমানা নির্ধারণ কাজে ০৯টি ষ্টীলের পোল সরবরাহ ও স্থাপন কাজ। | ৯৪,৯৭০/-টাকা | মেসার্স মনির এন্ড কোং | ২৯.০০% উর্ধ্বে | ২৫.০০% উর্ধ্বে | ডিওএইচএস মিরপুর উন্নয়ন তহবিল হতে। |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (৩) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রবেশ রাস্তার পশ্চিমাংশ সলিংকরণ। | ৫,২৫,১৭৬/-টাকা | মেসার্স আজিজ করপোরেশন | ০৭.০০% উর্ধ্বে | ০৭.০০% উর্ধ্বে | ডিওএইচএস মিরপুর উন্নয়ন তহবিল হতে। |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় টিএন্ডটি কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | ১,৯৬,৬৫৫/-টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ০৯.৫০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | রোড কাটিং ফি বাবদ জমাকৃত অর্থ হতে। |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় শহীদ বদিউজ্জামান রোডের প্লট নং-১/এ হতে ৯/সি পর্যন্ত এবং সিবি-২৭৯/১ হতে রজনীগন্ধা সুপার মার্কেট পর্যন্ত রিকশাওয়ে মেরামত ও কার্পেটিংকরণ (গ্রুপ-ক)। | ৪,৮৮,৪৩০/-টাকা | মেসার্স আজিজ করপোরেশন | ০২.০০% নিম্নে | ০২.০০% নিম্নে | ২০০৪-০৫ আর্থিক সালের বাজেটে উন্নয়নমূলক তহবিল হতে |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকায় শহীদ বদিউজ্জামান রোডের প্লট নং-৯৬ হতে ৯৭ এবং রোড নং-৭ হতে ৯ এর সংযোগ সড়ক মেরামত ও কার্পেটিংকরণ। | ৪,৭২,০৯৬/-টাকা | মেসার্স ময়নামতি ট্রেড ইন্টারন্যাশনাল | ০৭.৫০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | ২০০৪-০৫ আর্থিক সালের বাজেটে উন্নয়নমূলক তহবিল হতে |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের প্লট নং-৮১ এর পূর্ব পার্শ্বে, রোড নং-৯, ১০, ১১ ও রোড নং-৭ হতে ১২ এর সংযোগ সড়ক এবং প্লট নং-৮৭ হতে প্লট নং ৬৭ এর আংশিক মেরামত ও সীলকোটকরণ। | ৩,২৫,৪৯৬/- টাকা | মেসার্স আজিজ করপোরেশন | ০২.০০% নিম্নে | ০২.০০% নিম্নে | ২০০৪-০৫ আর্থিক সালের বাজেটে উন্নয়নমূলক তহবিল হতে |
| (৮) | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন পুকুরের পশ্চিম পার্শ্বে নেভী কলোনীর বাউন্ডারী ওয়ালের দক্ষিণ পূর্ব কর্ণার হতে প্লট নং-১২/সি এর উত্তর কর্ণার পর্যন্ত নিরাপত্তা দেয়াল নির্মাণ কাজ। | ১,২৫,৫০৪/-টাকা | মেসার্স রনি এন্টারপ্রাইজ | ৩৫.০০% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | বোর্ডের নিজস্ব তহবিল হতে। |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-১, ২, ৩, ৪, ৫, ১৮, ১৯, ২১, ২২, ২৪, ২৫ ২৬ মেরামত কাজ। | ৩,৩৮,৪০৮/-টাকা | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ০৮.৯৯% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | অনুদান |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার রোড নং-২৭, ২৮, ২৯ এবং ৩০ ও ৩১ এর সংযোগ সড়ক মেরামত কাজ। | ৩,৪৩,২১৫/- টাকা | মেসার্স ভূঁইয়া কন্সট্রাকশন | ০৭.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | অনুদান |
| (১১) | মহাখালী ডিওএইচএস এলাকার রেল লাইন বরাবর রেল ক্রসিং এবং দক্ষিণ পার্শ্বের বাউন্ডারী ওয়াল নিমার্ণ কাজ। | ১,১৪,০২২/-টাকা | মেসার্স লাকী ট্রেডার্স | ১৯.৯০% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | অনুদান |
| (১২) | বনানী ডিওএইচএস এলাকার টিএন্ডটি কর্তৃক খননকৃত মসজিদ রোড লেন নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৬/১, ৬/বি ও ওয়েষ্টার্ণ রোড মেরামত কাজ। | ১,৯২,২৭৫/-টাকা | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ০৮.৫০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | রোড কাটিং ফি এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (১৩) | বনানী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামত ও কার্পেটিং কাজ। | ৪,৬৩,৯১৮/-টাকা | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ০৭.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | অনুদান |

চলমান পাতা-১০

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১৪) | বনানী ডিওএইচএস এলাকার ৪ নং রোড মেরামত ও কার্পেটিংকরণ এবং ৬ নং রোড, মসজিদ রোড, ওয়েষ্টার্ণ রোড মেরামত কাজ। | ৪,৬৫,৭০৯/-টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৮.৮০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | রোড কাটিং ফি এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (১৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী জবাইখানার জন্য শেড নির্মাণ। | ১,০৪,৫৭৪/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৩৫.০০% উর্ধ্বে | ১৮.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে |
| (১৬) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মিরপুর রোড সংলগ্ন ৪টি ব্লকসহ জনতা ব্যাংকের বাহির সাইড মেরামত ও সাজসজ্জা কাজ এবং দোতলা সিঁড়ি ঘরের টিনের চালা মেরামতকরণ। | ১,৪০,১০৬/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ০৮.০০% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (১৭) | বারিধারা ডিওএইচএস এলাকার প্রধান সড়ক স্কলার্স ইনস্টিটিউট হতে বিমান বন্দর সড়ক এবং লেইন নং-১৩ হতে দক্ষিণ দিকে গুলশান সংযোগ সড়ক পর্যন্ত এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে কার্পেটিং এবং থার্মোপ্লাস্টিকের সাহায্যে রোড মার্কিংকরণ। | ২৪,৩১,৬৩৮/- টাকা | রেজা কনস্ট্রাকশন লিঃ | ০৯.৮০% উর্ধ্বে | ০৯.২৭% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৮) | বারিধারা ডিওএইচএস এলাকার মেইন রোডের পূর্ব পার্শ্বের ড্রেন/ফুটপাত নির্মাণ এবং পশ্চিম পার্শ্বের ফুটপাত পুনঃনির্মাণকরণ। | ৪৯,৫৫,৪৯৭/- টাকা | রেজা কনস্ট্রাকশন লিঃ | ১৯.৬৭% উর্ধ্বে | ১৯.০০% উর্ধ্বে | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ১৮ (আঠার)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। ক্রমিক নং-৫ এর সর্বনিম্ন দর এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ এর চেয়ে নিম্নে হওয়ায় তা ভেটিং করা হলো না। ক্রমিক নং-৭ এর প্রকল্পের জন্য একটি মাত্র দরপত্র পাওয়া গেলেও প্রদত্ত দর এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ এর চেয়ে নিম্নে এবং ক্রমিক নং-৫ এর অনুরূপ দর হওয়ায় তা অনুমোদন করা হলো। অবশিষ্ট প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এম ই এস -এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

(১) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(২) ২৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৩) ০৭.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৪) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৫) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(৬) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৭) ০২.০০% নিম্ন দর অনুমোদিত।
(৮) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(৯) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১০) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১১) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১২) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৩) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৪) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৫) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৬) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৭) ০৯.২৭% উর্ধ্ব দর অনুমোদিত।
(১৮) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

চলমান পাতা-১১

প্রস্তাব নং-২৪ ঃ শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে আরসিসি পাইপ ড্রেন নির্মাণের কারিগরী পরামর্শ, কন্টুর সার্ভে ও ড্রেনেজের নকশা প্রণয়নের জন্য কনসালটেন্সী সার্ভিস বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং ডিভিশন, ইনস্টিটিউশন অব ওয়াটার মডেলিং-কে প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে উল্লেখিত কাজের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাস্তবের তুলনায় অধিক মনে হওয়ায় এ ব্যাপারে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পত্র প্রদানসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে অবগতির জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার ০৮টি যানবাহন সংকেত বাতির ছোটখাট মেরামতসহ রক্ষণাবেক্ষণ কাজের চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০০৫ তারিখে উত্তীর্ণ হবে বিধায় আগামী ০১ জুলাই, ২০০৫ তারিখ হতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য উক্ত যানবাহন সংকেত বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের চুক্তির মেয়াদ বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে মাইক্রো ইলেকট্রনিক্স লিঃ এর ২১ এপ্রিল, ২০০৫ তারিখের মাইক্রো/ডিসিবি/০৫/ ২৮৫ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার ০৮টি যানবাহন সংকেত বাতির ছোটখাট মেরামতসহ রক্ষণাবেক্ষণ কাজের চুক্তির মেয়াদ আগামী ০১ জুলাই, ২০০৫ তারিখ হতে ৩০ জুন, ২০০৬ তারিখ পর্যন্ত প্রতি পয়েন্ট মাসিক ৭০০/- (সাত শত) টাকা হিসেবে ০১(এক) বছরের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে শর্ত থাকে যে, যানবাহন সংকেত বাতির মেরামত কাজ তাৎক্ষণিকভাবে এবং ছুটির দিনেও সম্পন্ন করতে হবে।

প্রস্তাব নং-২৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, বিভিন্ন ডিওএইচএস এলাকা ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ২০(বিশ)টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলোঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | মেজর মোহাম্মদ আলী আশরাফ, বিপি (অবঃ) | ২০৪ | মিরপুর ডিওএইচএস | |
| ২। | মেজর নাসির উদ্দিন (অবঃ) | ২৬৬ | মিরপুর ডিওএইচএস | |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন শাখাওয়াত হোসেন | ৩৭৩ | মিরপুর ডিওএইচএস | |
| ৪। | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নূরুল আমিন | ২০৬ | মিরপুর ডিওএইচএস | |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এস আবু জাফর চৌধুরী | ৩৭১ | মিরপুর ডিওএইচএস | |
| ৬। | ব্রিগেডিয়ার জেনারেল সোহরাব *আলী* তালুকদার | ২১১ | মিরপুর ডিওএইচএস | |
| ৭। | কমান্ডার কাজী আবুল কাশেম (অবঃ) | ৩০৫ | মিরপুর ডিওএইচএস | |
| ৮। | মেজর (অবঃ) মুনসী মনিরুজ্জামান | ১২৬ | মিরপুর ডিওএইচএস | |
| ৯। | মেজর পিনাক পানি সাহা | ১৩০ | মিরপুর ডিওএইচএস | |
| ১০। | উইং কমান্ডার মোঃ আবদুল ওয়ারেস | ৪২১ | মিরপুর ডিওএইচএস | |
| ১১। | মেজর (অবঃ) মোঃ হোসেন | ৩৩১ | মিরপুর ডিওএইচএস | |
| ১২। | ক্যাপ্টেন মোঃ সাইফুল কবির | ৫১৬/৫ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত |
| ১৩। | কমডোর মোস্তাফিজুর রহমান | ১৭৪/এ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত |
| ১৪। | ক্যাপ্টেন এম রবিউল হোসেন (এন), পিএসসি, বিএন | ৩১৫ | মিরপুর ডিওএইচএস | |
| ১৫। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ কাদেরুজ্জামান | ২৪৫ | মিরপুর ডিওএইচএস | |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৬। | লেঃ কর্ণেল তারেকুল ইসলাম (অবঃ) | ৩০১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত নকশা |
| ১৭। | ব্রিগেঃ মোঃ শরিফুল ইসলাম | ১৩২ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |
| ১৮। | মেজর এ টি এম মোজাম্মেল হক | ২১৩ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |
| ১৯। | মেজর মোঃ সানাউল্লাহ মিয়া (অবঃ) | ১৫৪ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |
| ২০। | জনাব সাইদুর রহমান চৌধুরী গং | ৩৭২ | বারিধারা ডিওএইচএস | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের জন্য অত্র দপ্তরে দাখিলকৃত নিম্নোক্ত ০৫(পাঁচ) টি নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ডাঃ মোঃ আবদুল কায়ুম গং | সিএস প্লট নং-১২৫৯ (অংশ) | লালাসরাই, কচুক্ষেত পুরান বাজার | ছয় তলা |
| ২। | মিসেস মনোয়ারা বেগম গং | সিবি-২৪, সিএস প্লট নং-১৪৮ (অংশ) | লালাসরাই, কচুক্ষেত পুরান বাজার | ছয় তলা |
| ৩। | জনাব মোঃ আহসানুল কবির | ৬ | ক্যান্টঃ আবাসি এলাকা বাড়ী নির্মাণের দাখিলকৃত নকশা | এক তলা |
| ৪। | লেঃ কর্ণেল (অবঃ) আনোয়ার হোসেন গং | সিএস-১৪৫ (অংশ) | লালাসরাই, কচুক্ষেত পুরাতন বাজার | ছয় তলা |
| ৫। | জনাব এ কে এম নজরুল ইসলাম | সিএস প্লট নং-২৮৪ | সিবি-১, কচুক্ষেত পুরান বাজার | সংশোধিত ৪(চার) তলা বাড়ীর নকশা |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিধি মোতাবেক অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

প্রস্তাব নং-২৮ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডটি ২০০৫-২০০৬ সালের জন্য ইজারার নিমিত্তে বিগত ১০ মে, ২০০৫ তারিখে সীলমোহরকৃত দরপত্র গ্রহণ করা হয়। মোট ০৪টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব সৈয়দ ফজলুল করিম কর্তৃক ৫,৩২,৩৩০/-(পাঁচ লক্ষ বত্রিশ হাজার তিনশত ত্রিশ) টাকার সর্বোচ্চ দর প্রদান করেন। বিগত ২০০২-২০০৩ সালে সর্বোচ্চ ডাক ৪,১৬,০০০/-(চার লক্ষ ষোল হাজার) টাকা, ২০০৩-২০০৪ সালে সর্বোচ্চ ডাক ৪,২৭,৫০০/-(চার লক্ষ সাতাশ হাজার পাঁচশত) টাকা, ২০০৪-২০০৫ সালে সর্বোচ্চ ডাক ৪,৩০,০০০/-(চার লক্ষ ত্রিশ হাজার) টাকার সর্বোচ্চ ইজারা ডাক অনুমোদন করা হয়। ২০০৫-২০০৬ সালের জন্য বিগত ২৪ এপ্রিল, ২০০৫ তারিখে সর্বোচ্চ ডাক ৪,৩৩,০০০/-(চার লক্ষ তেত্রিশ হাজার) টাকার দরপত্র যুক্তিযুক্ত না হওয়ায় পুনঃদরপত্র আহবান করা হয় এবং গত ১০ মে, ২০০৫ তারিখে প্রাপ্ত ৫,৩২,৩৩০/-(পাঁচ লক্ষ বত্রিশ হাজার তিনশত ত্রিশ) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডের জন্য প্রাপ্ত সর্বোচ্চ দর সন্তোষজনক নয় বিধায় দরটি অনুমোদন করা গেল না। এ ব্যাপারে বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় পুনরায় ইজারা বিজ্ঞপ্তি প্রচারের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-১৩

প্রস্তাব নং-২৯ ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বাড়ী নং-৪০ (পরিত্যক্ত) এর ইজারা বাতিল করার নিমিত্তে বিগত ১৬ ফেব্রুয়ারি, ২০০৫ তারিখের ৮ নং বোর্ড সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের আইন উপদেষ্টার আইনগত মতামত গ্রহণ করে পরবর্তী সিদ্ধান্তের জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ডিওএইচএস মহাখালী এলাকার বাড়ী নং-৪০(পরিত্যক্ত) এর ইজারা বাতিলের বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার মতামত অবলোকন করা হলো। আইন উপদেষ্টার মতামত স্পষ্ট নয় বিধায় আগামী বোর্ডসভায় আইন উপদেষ্টাকে উপস্থিত থেকে তাঁর আইনী মতামত ব্যক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৩০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের একটি মাইক্রোবাস (নং- ঢাকা মেট্রো-চ-০২-০৫৬৮) দীর্ঘ দিন যাবৎ অচল অবস্থায় অত্র দপ্তরের গ্যারেজে রক্ষিত আছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্ত'রের অনুমোদনক্রমে অচল গাড়ীটি নিলামে বিক্রির নিমিত্তে গত ২৮ এপ্রিল, ২০০৫ তারিখে দৈনিক আমার দেশ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে গত ১৬ মে, ২০০৫ তারিখে ০৭(সাত) টি সীলমোহরকৃত দর পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, খ-৮১, খিলক্ষেত, ঢাকা কর্তৃক প্রদত্ত ১,১২,০০০/- (এক লক্ষ বার হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ১,১২,০০০/- (এক লক্ষ বার হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজের জন্য সর্বশেষ মডেলের একটি ০৩(তিন) টনী ইসুজু (ISUZU) ট্রাক ক্রয়ের জন্য গত ৩০ এপ্রিল, ২০০৫ তারিখে দৈনিক আমার দেশ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে গত ১৮ মে, ২০০৫ তারিখে ০৩(তিন) টি সীলমোহরকৃত দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কার সিলেকশন, ৭০/বি, পুরানা পল্টন লাইন (ভিআইপি রোড), ঢাকা-১০০০ কর্তৃক প্রদত্ত ১৯,৮৫,০০০/- (উনিশ লক্ষ পচাশি হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে একটি ০৩(তিন) টনী ইসুজু (ISUZU) ট্রাক ক্রয়ের জন্য প্রাপ্ত সর্বনিম্ন মূল্য বর্তমান বাজার দর অপেক্ষা অধিক মনে হওয়ায় বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দর কমানোর ব্যাপারে সর্বনিম্ন দরদাতাকে পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৩২ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদ সংলগ্ন ৩টি স্থানে ইঁটের সলিং দ্বারা মুসল্লীদের গাড়ী পার্কিং এর জন্য ব্রিক সলিং কাজের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদ সংলগ্ন ৩টি স্থানে ইঁটের সলিং দ্বারা মুসল্লীদের গাড়ী পার্কিং এর জন্য ব্রিক সলিং নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে সেনাসদর, ঢাকা সেনানিবাসের নির্দেশনার আলোকে মাস্টার প্ল্যানের বাইরে ডিওএইচএসসমূহে কোন নির্মাণাদি না করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে ইতোপূর্বে প্রদত্ত কার্যাদেশ সংশোধনের ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

**চলমান পাতা-১৪**

৩৩ বিবিধ (১) ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত শহীদ রমিজ উদ্দিন কলেজের জন্য ০৬(ছয়) টি পেন্টিয়াম-৪ মাল্টিমিডিয়া কম্পিউটার ও ০৬ (ছয়) টি ইউপিএস ক্রয়ের জন্য দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হলে গত ২৪ মে, ২০০৫ তারিখে ০৪(চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টেকনোসিটি লিমিটেড, বাড়ী # ১৩ (২য়) তলা, রোড # ১৪/এ, সেক্টর # ৪, উত্তরা, ঢাকা-১২৩০ কর্তৃক প্রদত্ত ২,৩৩,৯৮০ /- (দুই লক্ষ তেত্রিশ হাজার নয়শত আশি) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক উক্ত কম্পিউটার ও ইউপিএস ক্রয়ের জন্য ২,৩১,১৯২/- (দুই লক্ষ একত্রিশ হাজার একশত বিরানব্বই) টাকার মূল্যানুমান ইতোপূর্বে অনুমোদন করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ২,৩৩,৯৮০ /- (দুই লক্ষ তেত্রিশ হাজার নয়শত আশি) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি ও শহীদ বাশার রোড এ্যাসফাল্ট প্লান্টের সাহয্যে মেরামত ও কার্পেটিং কাজের চূড়ান্ত বিল পরিশোধ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের জন্য প্রাক্কলিত ব্যয় ধরা ছিল ৪,২৯,৭১,৭০২/- (চার কোটি উনত্রিশ লক্ষ একাত্তর হাজার সাতশত দুই) টাকা। সংশ্লিষ্ট কাজের জন্য নিয়োজিত ঠিকাদার মেসার্স রেজা কনস্ট্রাকশন লিঃ ৪,৭১,৭১,০০৩/- (চার কোটি একাত্তর লক্ষ একাত্তর হাজার তিন) টাকার চূড়ান্ত বিল দাখিল করেন। বিলটি ভেটিং এর জন্য সেনাসদর, ই-ইন-সি'র শাখা, পূর্ত পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের প্রেরণ করা হলে ৪,৫১,৯৬,৪২৭/- (চার কোটি একান্ন লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত সাতাশ) টাকা বিল পরিশোধের সুপারিশ করা হয়। উল্লেখ্য যে, উক্ত কাজের বিল বাবদ ইতোমধ্যে ৪,০০,০০,০০০/- (চার কোটি) টাকা পরিশোধ করা হয়েছে। উক্ত কাজের ৪,৫১,৯৬,৪২৭/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনসহ বিলের অবশিষ্ট অর্থ পরিশোধের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ৪,৫১,৯৬,৪২৭/- (চার কোটি একান্ন লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত সাতাশ) টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। সংশোধিত মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনসহ বিলের অবশিষ্ট অর্থ পরিশোধের নিমিত্তে অনুদান বরাদ্দসহ আপততঃ ক্যান্টনমেন্ট বোর্ডের যে কোন তহবিল হতে ব্যয় নির্বাহের অনুমোদন চেয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**চলমান পাতা-১৫**

৩৩ বিবিধ (৩) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং বিল্ডিং এর বাউন্ডারী ওয়াল পুনঃনির্মাণসহ সামনের খোলা জায়গার মেরামত কাজের ১১,২২,১৯৪/- (এগার লক্ষ বাইশ হাজার একশত চুরানব্বই) টাকার মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইট্স্, ২০০২ অনুযায়ী) অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মূল্যানুমানটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩ বিবিধ (৪) ঃ বিমান সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের অনুরোধে আর্মি এভিয়েশন, ঢাকা সেনানিবাসের সম্মুখস্থ খালি জায়গায় ৫টি বিউটি স্পট নির্মাণের ১৪,৫০,০০০/- (চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইটস্, ২০০২ অনুযায়ী) অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে মূল্যানুমানটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৪ বিবিধ (৫) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাছের আড়তের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। উক্ত মাছের আড়ৎটি ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাছের আড়তের পার্শ্বে টয়লেট ও ড্রেনেজ সিস্টেম নির্মাণের পর উক্ত মাছের আড়ৎটি ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৩বিবিধ(৬) ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১০ নং রোডের পশ্চিম প্রান্তে তেমাথার সংযোগস্থলে রিকশার অবৈধ অবস্থান, যানজট ও দূর্ঘটনা সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১০ নং রোড দিয়ে সকল ধরনের যাত্রীবাহী বাস, টেম্পু, ম্যাক্সি, মাইক্রোবাস ও রিকশা চলাচল করা বাধ্যতামূলক করা হয়েছে। ফলে ১০ নং রোডের পশ্চিম প্রান্তের তেমাথার সংযোগ স্থলে অস্বাভাবিক যানজট হয়। এই যানজটের মূল কারণ ১০ নং রাস্তার তিনমুখে এবং আশে পাশের রাস্তায় সম্পূর্ণ বেআইনীভাবে ৪০/৫০টি রিকশার অবস্থান। উক্ত স্থানে যাতে রিক্সা অবস্থান না করতে পারে সেজন্য আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের মাধ্যমে পত্র প্রদানের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো। এছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক লাইসেন্সবিহীন রিকশা জব্দ করার কার্যক্রম অব্যাহত রাখবে।

চলমান পাতা-১৬

৩৩ বিবিধ (৭) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নং-৩৭৭৭ (বিএএফ কুর্মিটোলার কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত) এর ইঞ্জিন মেরামত ও ওভারহলিং এর জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২৪ মে, ২০০৫ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স মধুমতি ট্রেডার্স, ১৮৬, ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪৬,৯৫০/- (ছেচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত কাজের সাকুল্য ব্যয় বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪৬,৯৫০/- (ছেচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।